

বিনয় মজুমদার

জানলাটি খুলে দিই  
জানলাটি খুলে দিই রৌদ্র এলো ঘরে  
যেমতি দেবতা আসে জানালায় শিক  
থাকে তবু তার ফাঁক দিয়ে দেবতারা  
ঘরের ভিতরে আসে। আমার দক্ষিণ  
পায়ে রোদ পড়েছে ও তার ফলে পায়ে  
গরম লাগছে যথা কারো প্রেম প্রাণে  
পড়লে হৃদয়ে লাগে সকলেরই আমি  
পা খানি সরাই আমি ছায়ার ভিতরে  
যেমতি ঈশ্বর এই অর্ধেক পৃথিবী  
ছায়ার ভেতরে আনে সন্ধ্যা হয়ে গেলে।

